সংবাদ

তারিখ ··· AUG 12 2006 ··
পৃষ্ঠা ৯ কলাম ২

# শিক্ষা উন্নয়নে প্রধানমন্ত্রীর একটি প্রতিশ্রুতিও বাস্তবায়ন হয়নি

## • সংসদীয় কমিটিতে ক্ষোভ

সংসদ বার্তা পরিবেশক

শিক্ষা খাতের উন্নয়নের জন্য প্রধানমন্ত্রীর ৯টি প্রতিশ্রুতির একটিও বাস্তবায়ন না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেছে সংসদীয় স্থায়ী কমিটি।

সংসদে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীদের দেয়া ৪১টি প্রতিশ্রুতির মধ্যে শিক্ষা মন্ত্রণালয় মাত্র ৩টি প্রতিশ্রুতি বাস্তবায়ন করেছে। এ নিয়ে
ক্ষোভ প্রকাশ করেছে ওই কমিটি। কমি
প্রতিশ্রুতি বাস্তবায়নে দ্রুত কার্যকর পদক্ষে
নিতে বলেছে।

সরকারি প্রতিশ্রুতি সম্পর্কিত সংসদ
স্থায়ী কমিটির বৈঠক গত বৃহস্পতিব
সকালে জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত হ
কমিটির সভাপতি মাওলানা আবু
সুবহানের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠ
কমিটির সদস্য আজিজুর রহমান চৌধু
মোস্তফা কামাল পাশা, মিয়া গোল
পরওয়ার ও শাহ শহীদ সরোয়ারসহ সং
মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্
ছিলেন।

বৈঠকে শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিশ্রুতি নি
আলোচনাকালে মন্ত্রণালয়ে দেয়া রিপো
জানা যায়, প্রধানমন্ত্রীর দেয়া ৯টি প্রতিশ্রু
একটিও বাস্তবায়ন হয়নি। এ নিয়ে ক্ষো
প্রকাশ করে কমিটির সদস্যরা বলে
সরকারের আগামী মেয়াদে এ প্রতিশ্র
বাস্তবায়ন করতে হবে। বৈঠকে মাদ্
শিক্ষার ফাজিল ও কামিলকে সাধারণ শিক্
ডিগ্রি ও মাস্টার্সের সমমান ক
প্রতিশ্রুতিটি দ্রুত বাস্তবায়ন করতে বলা হ